

নিউ ইয়র্ক স্টেট

ল্যান্ডলর্ড রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (LRAP)

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1. ল্যান্ডলর্ড রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম কী এবং এটি কী সাহায্য করে?

ল্যান্ডলর্ড রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (LRAP) হল একটি অর্থনৈতিক সাহায্যমূলক প্রোগ্রাম, যা কোভিড-19 উচ্ছেদ সংক্রান্ত মোরাতোরিয়ামের সময় সঞ্চিত রেন্টাল বকেয়ায় সাহায্য দিতে প্রস্তুত করা হয়েছে সেই সমস্ত ল্যান্ডলর্ডদের জন্য, যাদের ভাড়াটিয়ারা [এমার্জেন্সি রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম \(ERAP\)](#) এর জন্য আবেদন করতে ইচ্ছুক নন, ভাড়াটিয়ারা যেখানে ভাড়ার সম্পত্তি ছেড়ে চলে গিয়েছেন, তা সহ। এই প্রোগ্রামের মাধ্যমে যোগ্য ল্যান্ডলর্ডরা তাদের ভাড়া বাবদ বকেয়া পাবেন। অনুমোদিত আবেদনকারীরা পেতে পারেনঃ

- 2020 সালের 1 মার্চ বা তার পরে সঞ্চিত হওয়া ভাড়ার জন্য সর্বাধিক 12 মাসের রেন্টালের বকেয়া পেমেন্ট।

ল্যান্ডলর্ডদেরকে সরাসরি পেমেন্ট করা হবে। ল্যান্ডলর্ডদেরকে যে অর্থরাশি পেমেন্ট করা হচ্ছে, সে ব্যাপারে তাদের তরফ থেকে লিখিতভাবে জানানো হবে।

2. আমি কি ল্যান্ডলর্ড রেন্টাল অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (LRAP) এর জন্য যোগ্য?

নিউ ইয়র্কের ইউনিটের জন্য ল্যান্ডলর্ডরা LRAP এর জন্য যোগ্য হতে পারেন, যদি তারা নিম্নোক্ত শর্ত পূরণ করেন:

- ল্যান্ডলর্ডের কাছে এমন একজন ভাড়াটিয়া আছে যিনি বকেয়া ভাড়া না মিটিয়েই সম্পত্তি ছেড়ে গিয়েছেন বা ল্যান্ডলর্ডের কাছে এমন একজন ভাড়াটিয়া আছে যিনি বকেয়া ভাড়া না মিটিয়ে একটি সম্পত্তিতে বসবাস করছেন, তবুও ERAP এর জন্য আবেদন করতে রাজি হচ্ছেন না।
- ইউনিট রেন্টাল অর্থরাশি [ফেয়ার মার্কেট রেন্ট \(FMR\) এর 150 শতাংশ](#) বা তার কম, কাউন্টি এবং বেডরুমের সংখ্যা অনুযায়ী। মাসিক রেন্টাল অর্থরাশি যদি 150% FMR অতিক্রম করে, তাহলে ল্যান্ডলর্ড সহায়তা লাভের জন্য যোগ্য হবেন না।
- ল্যান্ডলর্ডের তরফ থেকে অন্তত 3 বার ERAP-তে অংশগ্রহণ করার জন্য বিদ্যমান ভাড়াটিয়াকে উৎসাহ দেওয়া হয়েছে, যাতে 1 বার লিখিতভাবে বলা হয়েছে এবং এই শর্তটি প্রত্যয়িত করতে হবে।
- ল্যান্ডলর্ড 1 মার্চ, 2020 তারিখে বা তার পরে ভাড়ার খরচের জন্য ভাড়াটিয়া বা প্রাক্তন ভাড়াটিয়ার বাসস্থানের জন্য বকেয়া ভাড়া নথিবদ্ধ করেছেন।

প্রোগ্রামের জন্য যোগ্যতা অর্জন করতে নাগরিকত্ব বা ইমিগ্রেশন স্ট্যাটাসের শর্ত পূরণ করার দরকার নেই।

অগ্রাধিকার আবেদন প্রক্রিয়াকরণ সংক্রান্ত গুরুত্বপূর্ণ দ্রষ্টব্য

LRAP এর প্রথম 45 দিনের মধ্যে পাওয়া আবেদনের মধ্যে সেই সমস্ত ল্যান্ডলর্ডকে অগ্রাধিকার দেওয়া হয়, যাদের 20টি বা তার কম ইউনিটের বিল্ডিং আছে।

45 দিন পরে ফার্স্ট-কাম, ফার্স্ট-সার্ভাড ভিত্তিতে সমস্ত যোগ্য ল্যান্ডলর্ডের আবেদন প্রসেস করা হবে, যতক্ষণ ফান্ড উপলভ্য আছে।

3. আমি যদি এরকম একজন ল্যান্ডলর্ড হই যে ERAP আবেদন সম্পূর্ণ করেছে যা আমার ভাড়াটিয়া সম্পূর্ণ করেনি, সেক্ষেত্রে আমাকে কি LRAP এর জন্য নতুন করে আবেদন সম্পূর্ণ করতে হবে?

হ্যাঁ, LRAP একটি নতুন প্রোগ্রাম এবং এটির শর্তগুলি ERAP এর চেয়ে আলাদা।

4. যেসব ভাড়াটিয়া রেন্টাল অ্যাসিস্ট্যান্স পেতে ERAP এর জন্য আবেদন করতে ইচ্ছুক নন, তারা কি ERAP এর মাধ্যমে ইউটিলিটি অ্যারিয়ার্স অ্যাসিস্ট্যান্সের জন্য আবেদন করতে পারবেন?

না। কোনও ভাড়াটিয়া যদি রেন্টাল অ্যারিয়ার্স অ্যাসিস্ট্যান্সের জন্য আবেদন করতে রাজি না থাকেন, তাহলে তিনি ERAP এর মাধ্যমে ইউটিলিটি অ্যাসিস্ট্যান্সের জন্য যোগ্য হবেন না।

5. LRAP এর জন্য যোগ্যতা নির্ধারণ করতে কি ভাড়াটিয়া বা ল্যান্ডলর্ডের জন্য রোজগারের কোনও উর্ধ্বসীমা থাকবে?

না। LRAP এর যোগ্যতা নির্ধারণের জন্য ভাড়াটিয়া বা ল্যান্ডলর্ডের রোজগার বিবেচনা করা হবে না।

6. LRAP সহায়তার জন্য কোন প্রকারের রেন্টাল সম্পত্তি যোগ্য বিবেচিত হবে?

নিম্নোক্ত প্রকারের রেন্টাল সম্পত্তি LRAP সহায়তার জন্য যোগ্য বিবেচিত হবে:

- এপার্টমেন্ট;
- ডুপ্লেক্স;
- একক পরিবার বিচ্ছিন্ন/বাড়ি
- আংশিক বিচ্ছিন্ন/ সারিবদ্ধ বাড়ি
- এক রুম নিয়ে থাকা; অথবা
- ম্যানুফ্যাকচার্ড বাড়ি বা ম্যানুফ্যাকচার্ড বাড়ি লট ভাড়া।

7. যেসব ইউনিটে ভাড়াটিয়া বা প্রাক্তন ভাড়াটিয়া সেকশন 8 হাউজিং চয়েস ভাউচারের সুবিধা পাচ্ছেন বা অন্যভাবে ভাড়ার যোগদানের ক্ষেত্রে একটি নির্দিষ্ট শতাংশ আয়ের মধ্যে সীমিত ছিল, তারা কি LRAP থেকে রেন্টাল অ্যাসিস্ট্যান্স পেতে পারেন?

পারিবারিক রোজগারের একটি নির্দিষ্ট শতাংশের মধ্যে সীমিত পরিবারে বসবাসকারী ইউনিটের মালিক/ল্যান্ডলর্ডরা সহায়তার জন্য আবেদন করতে পারেন, তবে সমস্ত অন্যান্য আবেদনের মূল্যায়ন না হওয়া পর্যন্ত সেগুলির যোগ্যতা বিবেচনা করা হবে না এবং কেবলমাত্র তহবিল উপলভ্য হলে, তবেই সাহায্য করা হবে। প্রভাবিত হাউজিংয়ের মধ্যে আছে এমন ভাড়াটিয়া, যারা সেকশন 8 হাউজিং চয়েস ভাউচার পাচ্ছেন, একটি প্রোজেক্ট ভিত্তিক সেকশন 8 ভাউচার বা যারা পাবলিক হাউজিং বা অন্যান্য

হাউজিং পরিস্থিতিতে বসবাস করেন, যেখানে ভাড়ার পরিমাণ কোনওভাবেই তাদের রোজগারের নির্ধারিত শতাংশের চেয়ে বেশি হবে না।

8. পাবলিক হাউজিং কর্তৃপক্ষগুলি কি LRAP সহায়তা পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন?

পাবলিক হাউজিং কর্তৃপক্ষগুলি সহায়তার জন্য আবেদন করতে পারেন, তবে অন্যান্য সমস্ত আবেদনের মূল্যায়ন না হওয়া পর্যন্ত সেগুলির যোগ্যতা বিবেচনা করা হবে না এবং কেবলমাত্র তহবিল উপলভ্য থাকলে LRAP এর মাধ্যমে সহায়তা করা হবে।

9. LRAP এর জন্য ল্যান্ডলর্ডকে কী কী ডকুমেন্ট জমা দিতে হবে?

ল্যান্ডলর্ড এবং সম্পত্তির মালিকদেরকে নিম্নোক্তগুলি প্রদান করতে হবে:

- **W-9 ট্যাক্স ফর্ম** LRAP পোর্টালে ওনার অ্যাকাউন্টে এই তথ্য দেওয়ার মাধ্যমে
- **মালিকানার প্রমাণ** LRAP আবেদনে এই তথ্য আপলোড করার মাধ্যমে
- **সম্পাদিত ইজারা** ভাড়াটিয়া বা প্রাক্তন ভাড়াটিয়ার সাথে বা সেখানে যদি কোনও লিখিত ইজারা না থাকে, একটি বাতিল করা চেক, ফান্ড ট্রান্সফারের প্রমাণ বা শেষ মাসের সম্পূর্ণ রেন্ট পেমেন্টের অন্যান্য ডকুমেন্টেশন। ইজারার সেই সমস্ত পেজ আপলোড করুন যাতে রয়েছে অন্তত ইউনিটের ঠিকানা, ইজারার ভাড়াটিয়া, মাসিক ভাড়ার বাধ্যবাধকতা এবং স্বাক্ষরের পেজ।
- **বকেয়া ভাড়া অর্থরাশির ডকুমেন্টেশন** ভাড়াটিয়া বা প্রাক্তন ভাড়াটিয়ার থেকে বকেয়া মাস অনুযায়ী লেজার চিহ্নিতকারী রেন্টাল মাসিক অর্থরাশি বা মাসিক রেন্ট কনফার্মেশন আপলোড করার মাধ্যমে। দেরি করে দেওয়ার ফি অথবা পার্কিং ফি এর ভাড়া-বহির্ভূত পেমেন্ট অন্তর্ভুক্ত করবেন না।
- **ব্যাকিংয়ের তথ্য** LRAP পোর্টালে ওনার অ্যাকাউন্টে ডিরেক্ট ডিপোজিট তথ্য দেওয়ার মাধ্যমে।
- প্রযোজ্য হলে, মালিকের হলফনামা বা স্বাক্ষরিত চুক্তি, যার মাধ্যমে সম্পত্তি পরিচালনা কোম্পানি/এজেন্ট LRAP ফান্ডের প্রাপক হিসাবে অনুমোদন পেয়েছে।

সম্পত্তির মালিক বা একটি অনুমোদিত সম্পত্তি ব্যবস্থাপনা সংস্থাকে আবেদনপত্র এবং সংশ্লিষ্ট সার্টিফিকেটগুলিতে স্বাক্ষর করে সম্মতি জানাতে হবে যে, প্রদত্ত তথ্যে ভাড়া বকেয়ার পরিমাণ সহ, সব ঠিক এবং অন্য প্রোগ্রাম থেকে প্রাপ্ত অর্থের সদৃশ নয়। ভাড়াটিয়া যদি এখনও ইউনিটে বসবাস করেন, তাহলে মালিককে অবশ্যই সংশ্লিষ্ট তারিখ জানাতে হবে, যখন ERAP তে অংশগ্রহণের জন্য ভাড়াটিয়াকে ল্যান্ডলর্ড উৎসাহ দিয়েছিলেন।

10. ল্যান্ডলর্ডের যদি কোনও ইজারা না থেকে থাকে তবে মাসিক ভিত্তিতে কোনও সম্পত্তি ভাড়া দিয়ে থাকলে কি ল্যান্ডলর্ড তবুও LRAP সহায়তার জন্য যোগ্য বিবেচিত হবেন?

হ্যাঁ। ভাড়াটিয়ার সাথে রেন্টাল চুক্তির ব্যাপারে ল্যান্ডলর্ডদেরকে ডকুমেন্টেশন দিতে হবে – কোনও সম্পাদিত ইজারা বা কোনও লিখিত ইজারা না থাকে তাহলে বাতিল করা একটি চেক, ফান্ড ট্রান্সফারের প্রমাণ বা শেষ সম্পূর্ণ মাসিক রেন্টাল পেমেন্টের অন্যান্য ডকুমেন্টেশন।

11. NY স্টেট জুড়ে সমস্ত লোকেশনে কি LRAP সহায়তা পাওয়া যাবে?

হ্যাঁ। স্টেট জুড়ে থাকা সমস্ত রেন্টাল সম্পত্তির মালিকরা LRAP এর জন্য আবেদন করতে পারেন।

12. যে সমস্ত ল্যান্ডলর্ড 20 বা তার কম ইউনিটের বিল্ডিংয়ের মালিক নন, তারা কি LRAP এর জন্য যোগ্য?

হ্যাঁ। যে কোনও সাইজের বিল্ডিংয়ের মালিক ল্যান্ডলর্ডরা LRAP এর জন্য যোগ্য বিবেচিত হবেন। অগ্রাধিকারের ব্যাপারে আরও তথ্যের জন্য প্রশ্ন #2 দেখুন।

13. বাড়ির মালিক যদি LRAP এর জন্য আবেদন করেন, এবং ভাড়াটে তাও ইউনিটে বসবাস করেন, তাহলে কি বাড়ির মালিক বা সম্পত্তির মালিক সেই ভাড়াটেকে উচ্ছেদ করতে পারেন?

উচ্ছেদের বিরুদ্ধে কোন স্বয়ংক্রিয় সুরক্ষা নেই যখন বাড়ির মালিক LRAP এর জন্য আবেদন করেন। কিন্তু, বাড়ির মালিক বা সম্পত্তির মালিক LRAP এর জন্য আবেদন করেন বা না করেন, বাড়ির মালিককে ভাড়াটেকে ভাড়া না দেওয়ার কারণে উচ্ছেদ করা থেকে নিষিদ্ধ করা যেতে পারে। ভাড়াটিয়ার নিরাপদ আশ্রয় আইন কোভিড-19 এর কভার করা সময়কালের মধ্যে, যা 7 মার্চ, 2020 তারিখে শুরু হয়ে 15 জানুয়ারি, 2022 তারিখ পর্যন্ত চলে, তা ভাড়া পরিশোধ না করার কারণে ভাড়াটেকে বাড়ি থেকে উচ্ছেদ করাকে নিষিদ্ধ করেছে, যদি ভাড়াটে সেই একই কোভিড-19 এর কভার করা সময়ে আর্থিক অনটনের শিকার হয়ে থাকেন। যদি কোভিড-19 এর কভার করা সময়কালে ভাড়া পরিশোধ না করায় বাড়ির মালিক যদি ভাড়াটেকে উচ্ছেদ করার চেষ্টা করেন, তাহলে ভাড়াটে আর্থিক অনটনের বিষয়টি প্রতিরক্ষা হিসেবে ব্যবহার করতে পারেন। যদি ভাড়াটে দেখতে পারেন যে তারা আর্থিক অনটনে আছেন, তাহলেও বাড়ির মালিক ভাড়াটের থেকে বকেয়া ভাড়া উসুল করার জন্য তার বিরুদ্ধে মামলা করতে পারেন, কিন্তু ভাড়াটেকে উচ্ছেদ করা যাবে না। অতিরিক্তভাবে, একজন ভাড়াটে যিনি ERAP ের জন্য আবেদন করেছেন, বা আবেদন করেছিলেন, তার সেই কর্মসূচীর অধীনে উচ্ছেদের বিরুদ্ধে উপলব্ধ সুরক্ষাগুলি প্রাপ্য। [জরুরি ভাড়া সহায়তা প্রোগ্রাম প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন দেখুন](#)।

14. ল্যান্ডলর্ড যদি LRAP এর মাধ্যমে সহায়তা পান এবং তবুও ভাড়াটিয়া ইউনিটে বসবাস করেন, তাহলে কি ল্যান্ডলর্ড বা সম্পত্তির মালিক সংশ্লিষ্ট ভাড়াটিয়াকে উচ্ছেদ করতে পারবেন?

রেন্টাল বকেয়া পেমেন্ট গ্রহণ করার একটি শর্ত হিসাবে ল্যান্ডলর্ডকে অবশ্যই নিম্নোক্ত নিয়মাবলী মেনে চলতে হবে:

- LRAP পেমেন্টের মাধ্যমে ভাড়া সংক্রান্ত বাধ্যবাধকতার ব্যাপারে ভাড়াটিয়ার শেয়ার সম্পূর্ণ করে পেমেন্টের মাধ্যমে আওতাভুক্ত সময়সীমার জন্য।
- কোনও রেন্টাল অ্যারিয়ার্সে থাকা কোনও বকেয়া ফি মকুব করার বিষয়টি LRAP পেমেন্টের আওতাভুক্ত।
- LRAP পেমেন্টের রসিদ থেকে এক বছরের জন্য এবং যার জন্য রেন্টাল সহায়তা গৃহীত হয়েছে সেটির LRAP রেন্টাল সহায়তার ক্ষেত্রে আবেদন করার সময় বকেয়া মাসিক অর্থরাশির বেশি মাসিক রেন্টাল অর্থরাশি বৃদ্ধি করা হবে না।
- এছাড়া ঘটনা হল যে তারা ERAP তে অংশগ্রহণে উৎসাহ দিতে পরিবারের সাথে অন্তত তিনবার যোগাযোগ করেছে, যার মধ্যে দুই বার লিখিতভাবে।
- LRAP পেমেন্টের রসিদ থেকে এক বছরের জন্য হোল্ডভার টেনেন্সি বা উত্তীর্ণ হওয়া ইজারার কারণে যার জন্য LRAP করা হয়েছে তাকে উচ্ছেদ করা যাবে না। এই প্রয়োজনীয়তার একটি ব্যতিক্রম করা হবে যদি বাসস্থান ইউনিটে চার বা তার কম ইউনিট থাকে এবং সম্পত্তির মালিক

বা মালিকের তাৎক্ষণিক পরিবারের সদস্যরা অবিলম্বে প্রাথমিক বাসস্থান হিসাবে ব্যবহারের জন্য ইউনিটটি দখল করতে চান।

15. যদি কোনও ভাড়াটিয়ার মহামারির আগে থেকে ভাড়া বাবদ বকেয়া থাকে, তাহলে কি 2020 সালের মার্চের পরের সময়সীমার জন্য ল্যান্ডলর্ড LRAP সহায়তা পেতে পারেন?

হ্যাঁ। ল্যান্ডলর্ড তবুও সর্বাধিক 12 মাসের বকেয়ার জন্য আবেদন করতে পারেন, যা 2020 সালের 13 মার্চ বা তার পরে ঘটেছে।

16. ফাস্ট-কাম, ফাস্ট-সার্ভড ভিত্তিতে কি LRAP এর মাধ্যমে সহায়তা প্রদান করা হবে?

সেই সমস্ত ল্যান্ডলর্ডকে অগ্রাধিকার দেওয়া হয় যাদের 20টি বা তার কম ইউনিটের বিল্ডিং আছে এবং প্রোগ্রামের প্রথম 45 দিনের মধ্যে আবেদন করেন।

45 দিন পরে ফাস্ট-কাম, ফাস্ট-সার্ভড ভিত্তিতে সমস্ত যোগ্য ল্যান্ডলর্ডের আবেদন প্রসেস করা হবে, যতক্ষণ ফান্ড উপলভ্য আছে।

17. নন-প্রায়োরিটি ল্যান্ডলর্ডরা কি LRAP এর প্রথম 45 দিনের মধ্যে আবেদন করতে পারবেন, না কি তাদের আরও অপেক্ষা করতে হবে?

যে কোনও ল্যান্ডলর্ড, যার কাছে এমন একজন ভাড়াটিয়া আছে যে ইউনিট ছেড়ে গিয়েছেন বা যিনি ERAP আবেদনের জন্য সহযোগিতা করতে অনিচ্ছুক, তিনি প্রথম 45 দিন সহ প্রোগ্রাম চলাকালীন যে কোনও সময় আবেদন করতে পারেন।

18. আবেদনের জন্য কি একটি হাতে লেখা স্বাক্ষর অথবা ই-সিগনেচার প্রয়োজন হবে?

LRAP আবেদন শুধুমাত্র অনলাইনে উপলভ্য, সুতরাং ই-সিগনেচারের প্রয়োজন হবে।

19. LRAP এর জন্য কি কোনও ইউনিট সমীক্ষার প্রয়োজন আছে?

না।

20. বাড়ির মালিককে কেন একটি W-9 ট্যাক্স ফর্ম দিতে হবে?

W-9 ট্যাক্স ফর্মের প্রয়োজন আছে, যা LRAP পেমেন্ট পেতে LRAP পোর্টালের মধ্যে টাইপ করতে হবে।

21. মাসিক ভাড়া বকেয়ার পরিমাণ দেওয়ার ক্ষেত্রে কি কোন সীমা রয়েছে?

হ্যাঁ। ইউনিট রেন্টাল অর্থরাশি অবশ্যই [ফেয়ার মার্কেট রেন্ট \(FMR\)](#) এর 150 শতাংশ বা তার কম হবে। কাউন্টি এবং বেড রুমের সংখ্যা অনুযায়ী এই উর্ধ্বসীমা ভিন্ন হতে পারে। মাসিক রেন্টাল অর্থরাশি যদি FMR অতিক্রম করে, তাহলে ল্যান্ডলর্ড সাহায্য লাভের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

22. আমার ভাড়াটিয়া যদি ইউনিট ছেড়ে চলে যান, তাহলে কি আমি যে বকেয়া ভাড়া পাব তাতে কোনও উর্ধ্বসীমা থাকবে?

হ্যাঁ। যে মাসে ভাড়াটিয়া বাড়ি ছেড়ে চলে গিয়েছেন, সেই মাস থেকে সর্বাধিক 12 মাস পর্যন্ত বকেয়ার জন্য ল্যান্ডলর্ড অর্থ পেতে পারেন। যেমন, 2021 সালের মে মাস থেকে জুলাই মাস পর্যন্ত বকেয়া ভাড়া থাকা কোনও ভাড়াটিয়া যদি 2 আগস্ট ইউনিট ছেড়ে যান আগস্টের ভাড়া না দিয়ে, তাহলে সংশ্লিষ্ট

ল্যান্ডলর্ড মে মাস থেকে আগস্ট মাস পর্যন্ত বকেয়া ভাড়া পেতে পারেন। যে মাসে ভাড়াটিয়া ইউনিট ছেড়ে যাবেন তার পরের মাসগুলির জন্য অ্যারিয়ার্স প্রদান করা হবে না।

23. LRAP এর জন্য কি আমার মেইল-ইন আবেদন গ্রহণ করা হবে?

না। যদি ল্যান্ডলর্ড বা মালিকের আবেদনের ক্ষেত্রে সহায়তার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে আপনার এলাকার কোনও কমিউনিটি ভিত্তিক সংগঠনের সাথে যোগাযোগ করুন।

24. ল্যান্ডলর্ডের খরচ হওয়া অ্যাটর্নির ফি কি ERAP এর আওতাভুক্ত হবে?

না।

25. LRAP এর জন্য আবেদন করতে আমাকে কি একটি অ্যাকাউন্ট তৈরি করতে হবে?

হ্যাঁ, LRAP এর জন্য আবেদন করার জন্য অনলাইন পোর্টালে আবেদন করতে হবে।

26. ওয়েবসাইটটি ERAP আবেদন কোন কোন সময়ে গ্রহণ করবে?

প্রোগ্রাম চালু থাকার সময় ওয়েবসাইটটি 24 ঘণ্টা ধরে আবেদন গ্রহণ করবে।

27. সম্পূর্ণ করা LRAP আবেদন জমা দেওয়ার পর পেমেন্ট পাওয়ার জন্য ল্যান্ডলর্ডকে কতদিন অপেক্ষা করতে হবে?

আশা করা হচ্ছে যে কেসগুলি সম্পূর্ণকৃত আবেদন জমা দেওয়ার তারিখের 4-6 সপ্তাহের মধ্যে প্রক্রিয়াকরণ করা হবে। আবেদন কতটা সম্পূর্ণ করা হয়েছে এবং জমা দেওয়া ডকুমেন্টেশন কতটা সঠিক, সেই অনুযায়ী টাইমফ্রেম ভিন্ন হতে পারে।

28. আমি প্রতিবন্ধীত্বের কারণে কিভাবে যুক্তিসঙ্গত সুবিধার অনুরোধ করতে পারি?

অনুগ্রহ করে আমাদের জানান LRAP এর জন্য আবেদন করার জন্য আপনার যুক্তিসঙ্গত কোনও অ্যাকোমডেশনের প্রয়োজন আছে কী না। যুক্তিসঙ্গত অ্যাকোমডেশনের উপলভ্য উদাহরণের মধ্যে আছে: বিকল্প ফরম্যাটে ডকুমেন্ট প্রদান, যাতে আছে: ব্রেইল, অডিও ফাইল (CD), ডেটা ফরম্যাট (CD-তে স্ক্রিন-রিডার অ্যাক্সেসিবল ফাইল) এবং বড় প্রিন্ট (18 পয়েন্টের ফন্ট), যা দিতে হবে বা TTY এর তথ্য অনুযায়ী।

যুক্তিসঙ্গত অ্যাকোমডেশনের জন্য অনুগ্রহ করে 1-844-NY1-RENT (1-844-691-7368)-তে LRAP হটলাইনে যোগাযোগ করুন। আপনি যদি শ্রবণ প্রতিবন্ধী হন, তাহলে 1-833-843-8829 নম্বরে কল করে একটি TTY ফোন নম্বর পাওয়া যাবে। এছাড়া আপনি নিম্নোক্ত ইমেইল অ্যাড্রেসে মেইল পাঠিয়ে অ্যাকোমডেশনের অনুরোধ করতে পারেন accessibility@otda.ny.gov।

29. কোনও মালিক কি বাণিজ্যিক সম্পত্তির জন্য LRAP এর মাধ্যমে সহায়তা পেতে পারেন?

না। LRAP কেবলমাত্র আবাসিক ইউনিটের জন্য।